# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কুর‘আন পাঠকারী ব্যক্তি দুনিয়াতে সর্বশেষ যে আয়াত পাঠ করেছে, আখেরাতে তার শেষ মানযিল সেখানে হবে

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ آخِرَ مَنْزِلَةِ الْقَارِئِ فِي الجنة تكون عند آخر آية كان يقرأُها في الدنيا

আরবী

763 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُبَيْدِ اللَّهِ بْنِ الْفَضْلِ الْكَلَاعِيُّ بِحِمْصَ حَدَّثَنَا عُقْبَةُ بْنُ مُكْرَمٍ حَدَّثَنَا ابْنُ مَهْدِيٍّ عَنِ الثَّوْرِيِّ عَنْ عَاصِمٍ عَنْ زِرٍّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (يُقالُ لِصَاحِبِ الْقُرْآنِ يَوْمَ الْقِيَامَةِ: اقْرَأْ وَارْقَ وَرَتِّل كَمَا كُنْتَ تُرَتِّل فِي دَارِ الدُّنْيَا فإن منزلتك عند آخر آية كنت تقرأها)

الراوي : عَبْد اللَّهِ ابْن عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان.

الصفحة أو الرقم: 763 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৭৬৩. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু তা‘আলা আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “কিয়ামতের দিন কুর‘আনের বাহককে বলা হবে, “আপনি কুর‘আন পাঠ করুন এবং উপরে উঠুন, ধীরস্থিরভাবে কুর‘আন পাঠ করুন যেভাবে আপনি দুনিয়াতে ধীরস্থিরভাবে কুর‘আন পাঠ করতেন। কেননা আপনার বাসস্থান সর্বশেষ আয়াত যেখানে পড়েছেন, সেখানে হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/১৯২; তিরমিযী: ২৯১৪; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/৪৯৮; আবূ দাঊদ: ১৪৬৪; সুনান বাইহাকী: ২/৫৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ১১৭৮; হাকিম: ১/৫৫২-৫৫৩।

আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩১৭।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89266

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন